

# এইচএসসির ফল প্রকাশের সম্ভাব্য তারিখ ৩০ নভেম্বর

অনলাইন ডেঙ্ক



ফাইল ছবি

এইচএসসি ও সমমান পরীক্ষার

ফল আগামী ৩০ নভেম্বরের মধ্যে

প্রকাশ করার প্রস্তুতি গ্রহণ করেছে

আন্তঃশিক্ষা বোর্ড। সে লক্ষ্যে খাতা

মূল্যায়নসহ অন্যান্য আনুষঙ্গিক

কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে শেষ

করতে সংশ্লিষ্টদের বলা হয়েছে।

বুধবার (১৮ অক্টোবর) আন্তঃশিক্ষা

বোর্ড সমন্বয় কমিটি সূত্রে এ তথ্য

জানা গেছে।

বোর্ড সূত্র বলছে, এইচএসসি

পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের

মধ্যে ফল প্রকাশের রেওয়াজ

রয়েছে।

এবারও ওই সময়সীমার মধ্যে ফল

প্রকাশ করা হবে। যদিও বন্যার

কারণে তিনটি শিক্ষা বোর্ডের

পরীক্ষা দেরিতে শুরু হয়েছিল।

জানা গেছে, ফলাফল প্রকাশের

জন্য নভেম্বরের শেষ সপ্তাহের

শেষ দিনকে বেছে নেওয়া হয়েছে।

তবে এটি চূড়ান্ত করবেন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এর আগে ফল প্রকাশের সম্ভাব্য

কিছু তারিখ জানিয়ে শিক্ষা

মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠাবে

আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড।

এ প্রসঙ্গে জানতে চাইলে

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির

আহ্বায়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের

চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার

সরকার বলেন, মাত্র পরীক্ষা শেষ

হয়েছে। আমরা আশা করছি

নভেম্বরের শেষ সপ্তাহে এইচএসসি  
ও সমমান পরীক্ষার ফল প্রকাশ  
করা হবে। তারিখ কোনটা হবে,  
সেটা আপাতত বলা সম্ভব নয়।

যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে  
অনুমোদন হয়ে এলে তখন চূড়ান্ত  
তারিখ জানাব।'

গত ১৭ আগস্ট থেকে এইচএসসি  
পরীক্ষা শুরু হয়। আর শেষ হয়  
২৫ সেপ্টেম্বর এবং ব্যবহারিক  
পরীক্ষা ২৬ সেপ্টেম্বর শুরু হয়ে ৪  
অক্টোবর শেষ হয়। তবে প্রাকৃতিক  
দুর্ঘাগের কারণে চট্টগ্রাম শিক্ষা  
বোর্ড, কারিগরি ও মাদরাসা শিক্ষা  
বোর্ডের ২৭ আগস্ট থেকে শুরু  
হয়। আর শেষ হয় অক্টোবরের  
প্রথম সপ্তাহে।